

জেলা এবং উপজেলা পর্যায়ে সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি ও বিভিন্ন পর্যায়ের স্টোকহোল্ডারদের সাথে সরকারের জলবায়ু অর্থায়ন কৌশল বিষয়ে অবগত করা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত তথ্যবিলের সর্বোত্তম ব্যবহারের জন্য ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন বাংলাদেশের ৩টি উপকূলীয় জেলা (ভোলা, কক্ষবাজার এবং পটুয়াখালী) এর অন্তর্গত ১২টি উপজেলায় এই প্রকল্পটি বাস্তবায়ন করছে।

ভোলায় ঝূর্ণিবড় “ইয়াস” মোকাবেলা জেলা দুর্ঘোগ ব্যবস্থাপনা কর্মটির সভা অনুষ্ঠিত



*‘jheM e'e~vcbv KigilUi mfiq e^e~ i vLtQb Rbve tgvt tZsdK-B-j vn
tPsaJ x, tRj v ckvMK, tfij v| Zwi L: 23 tg 2021, One:One Ztj b, tgvt
nvib*

ভোলায় গত ২৩ মে ২০২১ তারিখে জেলা প্রশাসক জনাব মোঃ তোফিক-ই-লাহী চৌধুরীর সভাপত্তিতে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দুর্ঘোগ ব্যবস্থাপনা কর্মটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জেলা পর্যায়ের সকল সরকারি দণ্ডের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, সাংবাদিক, সিপিপি, রেডক্রিস্টেন্ট সদস্য ও জেলা দুর্ঘোগ ব্যবস্থাপনা কর্মটির সদস্যাবৃন্দ অংশগ্রহণ করে ভোলা জেলা দুর্ঘোগ ব্যবস্থাপনা কর্মটির সদস্য হিসেবে কোস্ট ফাউন্ডেশনের পক্ষ হতে রাশিদা বেগম, সহকারি পরিচালক- সিএফটিএম প্রকল্প সভা অংশগ্রহণ করে। সভা জেলা প্রশাসক সকল দণ্ডের, এনজিও, সাংবাদিকসহ সকলকে নিজ নিজ অবস্থান থেকে দুর্ঘোগ মোকাবেলায় প্রশাসনের সাথে কাজ করা আহবান জানান।

সেখানে কোস্ট ফাউন্ডেশনের পক্ষ হতে জানান হয় রেডিও মেধনা দুর্ঘাগ্রামে সময় সার্ক্ষণিক প্রচারণা চালাবে। সংস্থার সকল কর্মীগণ নিজ নিজ কর্মসূলে অবস্থান করবে। এছাড়ার সংস্থার সাথে যুক্ত সকল ষ্টেচার্সেবাগান নিজ নিজ অবস্থান থেকে জনসচেতনতা বৃদ্ধিসহ প্রশাসনের সকল কাজে সহায়তা করবে।

ইউপি পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক বাজেট ২০২১-২২ এ অগ্রাধিকার পেয়েছে জলবায়ু অভিযোগ উন্নয়ন খাত

ভোলা: ভোলা সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়নটি জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত। এখানে প্রাকৃতিক দুর্ঘোগের সময়ে নদীভাঙ্গন, জলোচ্ছাস, বন্যা, অতিজোয়ার রাস্তাঘাট, ফসল ও সম্পদের ক্ষতি হয়ে থাকে। দুর্ঘোগ পরবর্তী ত্রাণ বা পুর্ণবাসনের কার্যক্রম করলেও ক্ষয়ক্ষতি মোকাবেলায় কোনো উন্নয়ন পরিকল্পনা গ্রহণ বা অর্থবরাদ্দ আলাদাভাবে ইউপি বাজেটে রাখা হয়নি। তাই ভেদুরিয়া ইউনিয়ন পরিষদকে জলবায়ু অভিযোগ উন্নয়ন পরিকল্পনা ও বাজেট তৈরি করার জন্য



*mfe^e~ i vLtQb tf~ji qv BDIC tPqvi g~b Rbve tgvt ZvRj Bmj vg/
Zwi L: 23 tg 2021 | One: tgvt giBbj*

কোস্ট, সিএফটিএম প্রকল্প থেকে ১ দিনের অবিয়েন্টশনের মাধ্যমে সক্ষম করে গড়ে তোলা হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রতিটি ওয়ার্ড হতে ইউপি সদস্য ও জনগনের মতামতের ভিত্তিতে পঞ্চবার্ষিক জলবায়ু অভিযোগ উন্নয়ন পরিকল্পনা তৈরি করেন। সেই চাহিদা বিবেচনায় এবছর বার্ষিক বাজেটে জলবায়ু অভিযোগ খাত যুক্ত করে খসড়া বাজেট ২০২১-২২ প্রস্তুত করা হয়েছে। গত ২৩ মে ২০২১ তারিখে উক্ত ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে মর্তবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভা ইউপি চেয়ারম্যান জনাব তাজুল ইসলামের সভাপত্তিতে ইউপি সচিব, জনাব মোঃ নিয়াজ মোর্শেদ পঞ্চবার্ষিক জলবায়ু অভিযোগ কর্মপরিকল্পনা ও খসড়া বাজেট ২০২১-২২ ইউপি সদস্য ও অন্যান্য স্টেকহোল্ডারের সামনের উপস্থাপন করেন। যার আলোচনা পর্যালোচনা শেষে চূড়ান্ত করা হয়।

পটুয়াখালী: গত ২৪ মে ২০২১ পটুয়াখালী সদর উপজেলার জৈনকাঠী ইউনিয়ন পরিষদের হল রুমে পঞ্চবার্ষিক জলবায়ু অভিযোগ কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়। জৈনকাঠী ইউনিয়ন পরিষদের সচিব আব্দুর রাজ্জাক মৃধার সভাপতিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জৈনকাঠী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলহাজ মোঃ ফিরোজ আলম। সভায় ইউপি সদস্য, সচিব ও চেয়ারম্যানসহ স্থানীয় গনমান ব্যক্তিগন পঞ্চবার্ষিক জলবায়ু অভিযোগ কর্মপরিকল্পনা সভায় উপস্থিত ছিলেন। সভায় বক্তৃর বক্তব্যে, ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা এবারই নতুন মাত্রায় জলবায়ু অভিযোগ খাত সংযুক্ত হয়েছে। সভায় প্রধান অতিথি বক্তব্যে, গত ১০ দিন আপনারা নিজ নিজ ওয়ার্ডের প্রাক-চাহিদা তৈরী করেছেন। আজ সংযোজন বিয়োজন

করুন, আমরা

জৈনকাঠী

ইউনিয়নকে একটি
মডেল ইউনিয়ন
গঠন করতে চাই।

সকলের

সহযোগিতা

কামনা করেন
সভা শেষ করেন,
ধন্যবাদ জানিয়ে।



*e^e~ i vLtQb tgvt idti vR Avj g, tPqvi g~b, RbKvIi BDIC,
CUpUy x| Zwi L: 24 tg 2021 , One: fmvtjn gingi*

ঘূর্ণিঝড় ‘ইয়াস’ মোকাবেলায় জলবায়ু ফোরামের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত



*tflj v m' i DctRj v Rj evqjtdvi vg 'i -guimK mfv
 ~ib: gmj ig Bbii=UDU cverij Kj vBteii, tflj v m' i, tflj v/
 Zwi L: 25 tg 2021/ One: i wRe tNv /*

গত ২৫ মে ২০২১ তারিখ করোনা ভাইরাস বিবেচনায় রেখে
ঘূর্ণিঝড় ইয়াস মোকাবেলার পূর্ব প্রস্তুতিকে প্রাধান্য দিয়ে
উপজেলা জলবায়ু ফোরাম মোঃ মোকাম্বেল হক মিলনের
সভাপঞ্চিতে সভাটি অনুষ্ঠিত হয়েছে। সভা সদস্যগন ঘূর্ণিঝড়
ইয়াস মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধিতে ফেইসবুকে ঘূর্ণিঝড়ের
আপডেট দেয়া, জেলে নেতৃদের সাথে যোগাযোগের মাধ্যমে নদী
হতে জেলেদের তাঁরে ফিরিয়ে আনা ও প্রশাসনের সাথে সমন্বয়
করে কাজ করার সিদ্ধান্ত নেন। এছাড়াও কোস্ট ফাউন্ডেশন এ
অভিযোগ করার নিয়মাবলী, করোনাকালীন শিশু বিবাহ
প্রতিরোধ, ডায়ারিয়া সচেতনতা সৃষ্টি, স্বাস্থ্যবিধি ইত্যাদি
আলোচনায় গুরুত্ব পায়। সভায় অংশগ্রহণ করেন ৫ জন নারী, ৮
জন পুরুষ, ২ জন কর্মী এবং অন্যান্য ২ জন মোট-১৭জন।

রেডিও মেঘনা করোনাকালীন স্বাস্থ্যবিধি শুনে খাদিজা নিয়মিত মাস্ক পড়ে বাহিরে যান



*Rev tkilZv Kje, 9bs I qWl®Pi d'Vkb/ Zwi L: 24 tg 2021,
 One: wbik, mgq: mKij - 9.30 mgibU*

২৪ মে ২০২১ তারিখ চরফ্যাশন চরমাদ্রাজ ইউনিয়নের ৯নং
ওয়ার্ডের রমজান আলী বাড়িতে রেডিও মেঘনার “জবা” শ্রোতা
ক্লাব পরিদর্শকালীন প্রথমেই খাদিজা বেগমের সাথে দেখা
হয়েছে। তিনি নাতিকে নিয়ে পাশের গ্রামে টিকা দিতে রওয়ানা

হয়েছেন। প্রথমেই তার মুখে মাস্ক ও হাতে টিকার কার্ড চোখে পড়ল। জানতে
চাইলে তিনি বলেন, আমার বাসায় একটি রেডিও জবা নামে শ্রোতা ক্লাব রয়েছে।
আমরা নিয়মিত রেডিও মেঘনা শুনি। বর্তমানে বেশি শুনি মাস্ক পড়ে বাহিরে যেতে
হবে। বাহির থেকে এসে সাবান দিয়ে হাত ধুইতে হবে। বেশি মানুষ একসাথে
জড়ে না হওয়া। আরো শুনি ডায়ারিয়া কিভাবে মোকাবেলা করবো। মেয়েদের যেন
বাল্য বিবাহ না দেই ইত্যাদি। ক্লাবের আরেকজন সদস্য (খাদিজা বেগমের পাশে
ঘরটি) রাবেয়া বেগমের। আমরা রাবেয়া বেগমের সাথে রেডিও মেঘনার কি
ধরণের অনুষ্ঠান প্রচার করে, তাদের কি ভালো লাগে বা কোন মতামত আছে কিনা
সরজিমিন শুনতে গেলে তিনি বলেন, একটি বিষয় খুবই চমৎকার ও ভালো লেগেছে
যে রাবেয়ার স্বামী আঃ নানিফ কৃষি কাজ করে মাঠের থেকে বাড়িতে আসেন।
রাবেয়া বেগম পানির বালতি ও মগ ঘরের সামনে রাখেন এবং সাবান দিয়ে
স্বামীকে হাত ধুইয়ে ঘরে আসতে সহযোগিতা করেন। রাবেয়ার স্বামী বলেন
এভাবেই প্রায় গত

ছয়মাসের মত

আমার স্ত্রী (রাবেয়া)

ঘরের সামনে পানি
ও সাবান রাখে।

তিনি বলেন আমরা

এখনও সবাই ভালো

আছি আমাদের

এখানে কারো

করোনা হয়ন।

রেডিও চার্জার নষ্ট

থাকায় মাঝে মধ্যে

শুনা যায় না। ভালো

একটি রেডিও দিতে

বলেন।



*ti wWl tgNbq Kti vbiKij ib ~P~ weia i tb gr ~ colq AF ~'Lw' Rv teMg/
 Zwi L: 24 tg 2021, One: wbik*

সিএফটিএম প্রকল্পের লক্ষ্য ও অর্জন মে, ২০২১ খ্রি.

ক্র. নং	কাজের নাম	লক্ষ্য	অর্জন
০১.	উপজেলা জলবায়ু ফোরাম ত্রৈ-মাসিক সভা	১	১
০২.	ইউপির পঞ্চবৰ্ষিক জলবায়ু অভিযোগন কর্মপরিলক্ষণ ও খসড়া বাজেট প্রস্তুত	২	২
০৩.	উন্নুন্ত বাজেট সভা	২	১
০৪.	কোভিড-১৯ ভ্যাকসিন বিষয়ক মাইক্রিং	৮	০

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে ‘‘সিএফটিএম’’ প্রকল্পের সকল
সহকর্মী সহযোগিতা করেছেন।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: ০১৭১৩-৩২৪৮০২

ইমেইল: rashida@coastbd.net

কোস্ট ট্রাস্ট, সিএফটিএম প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, কুলসুমবাগ, চরফ্যাশন,
ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত: www.coastbd.net

